

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫




স্মারক নং-৪২.৬২.০০০০.৯৬৬.০০.০২২.১৮. ৫১৪

তারিখঃ ৩০/১২/২০২০খ্রিঃ

বিষয়ঃ কর্মসূচির জনবলের বেতন-ভাতা পরিশোধের পূর্বে অর্জিত আয় যাচাইকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির বিতরণকৃত ঋণের বিপরীতে আদায়কৃত সেবামূল্য ৮% এর মধ্যে ৫.৭৫% বেতন-ভাতা খাতে ও ০.৭৫% প্রশাসনিক/আনুসঙ্গিক খাতে ব্যয় নির্বাহের নির্দেশনা রয়েছে। এছাড়া অন্যান্য আয় বাবদ অর্জিত দায়মুক্ত তহবিল কর্মসূচি সদর দপ্তরের নির্দেশনা ব্যতীত ব্যয় করার সুযোগ নেই মর্মে নির্দেশনা রয়েছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন উপজেলায় ঋণের সেবামূল্য বাবদ বেতন-ভাতা খাতে পর্যাপ্ত আয় না থাকা সত্ত্বেও কর্মসূচির কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ভুল হিসাব উপস্থাপন করে অর্জিত আয় বেশি দেখিয়ে বেতন-ভাতা গ্রহন করছেন। এক্ষেত্রে আয়ন-ব্যয়ন কর্মকর্তা অর্জিত আয়ের হিসাব সঠিকভাবে যাচাই না করে কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধ করছেন। এর ফলে কর্মসূচির তহবিলের ঘাটতি পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের আর্থিক অনিয়মের কারণে সৃষ্ট তহবিল ঘাটতি সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার ব্যক্তিগত দায় হিসেবে পরিগণিত হবে। তাই বেতন-ভাতা পরিশোধের পূর্বে দাখিলকৃত অর্জিত আয়ের সঠিকতা যাচাই করে কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, কর্মসূচির যে কোন ব্যয়ের ক্ষেত্রে প্রয়োজনে বিআরডিবি'র রাজস্ব বাজেটভুক্ত জুনিয়র অফিসার (হিসাব) এর মাধ্যমে অর্জিত আয়ের হিসাব যাচাই করা যেতে পারে।


মোহাম্মদ আশরাফ হোসেন
কর্মসূচি পরিচালক
ফোন: ০১-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি, উপজেলাঃ----- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ----- (কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৬. পরিচালক(প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি /গার্ড ফাইল।